গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশিক্ষণ শাখা

**বিষয়ঃ** সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব একেএম আফতাব হোসেন প্রামানিক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখঃ | ১৬ জুন ২০২২ খ্রিষ্টাব্দ। |
| সভার সময়ঃ | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থানঃ | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের অফিস কক্ষ।<br>(কক্ষ নং ১৭০৯, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।) |
| উপস্থিতিঃ | 'পতাকা-ক'। |

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে বর্তমান সিটিজেন্‌স চার্টার হালনাগাদকরণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২১-২০২২ বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন।

৩.০ অতঃপর শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিগত ২৪ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্‌স চার্টার) সংক্রান্ত ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন প্রতিবেদন নিম্নরূপ:

| নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৬.১ | মন্ত্রিপরিষদ বিভাগের পত্রের আলোকে ২০২১-২০২২ অর্থবছরের ৩য় ত্রৈমাসিকের পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের সভার কার্যবিবরণী (জানুয়ারি ২০২২ হতে মার্চ ২০২২) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | সিদ্ধান্ত বাস্তবায়িত।<br>মন্ত্রিপরিষদ বিভাগে বর্ণিত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>স্মারক নং: ৩৭.০০.০০০০.০৮৪.১৬.০০৩.২১-১৫৩; তারিখ: ১৩/০৪/২০২২। |
| ৬.২ | ইতোমধ্যে যেসব কর্মকর্তা বদলি হয়ে অন্যত্র চলে গেছেন, তদস্থলে যোগদানকৃত কর্মকর্তার নাম অন্তর্ভুক্ত করে হালনাগাদ সিটিজেন্‌স চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | সিদ্ধান্ত বাস্তবায়িত।<br>হালনাগাদ সিটিজেন্‌স চার্টার এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে ৩১ মার্চ ২০২২ তারিখে। |

৪.০ সভায় জানানো হয় যে, এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ প্রণয়নের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের একটি ছক প্রেরণ করা হয়েছে। উক্ত ছকে নিম্নরূপ বিষয়সমূহ উল্লেখ আছে:

১. প্রাতিষ্ঠানিক : ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।

২. সক্ষমতা অর্জন : ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং ২.২ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।

৫.০ সভায় বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এবং এপ্রিল ২০২২ হতে জুন ২০২২ প্রণয়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৫.১ সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| নং | কার্যক্রমের ক্ষেত্র | কার্যক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| ক | প্রাতিষ্ঠানিক | ১.১ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়ন করা হবে এবং বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| | | ১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ | সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যেসকল কর্মকর্তা ইতোঃমধ্যে এ বিভাগ হতে অন্যত্র বদলি হয়ে গেছেন সেসকল কর্মকর্তার তথ্য সিটিজেন্স চার্টার থেকে বাদ দিয়ে এবং যেসকল কর্মকর্তা এ বিভাগে যোগদান করেছেন তাদের তথ্য অন্তর্ভুক্ত করে হালনাগাদ করতঃ এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ এবং মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন ২০২২) এ সিটিজেন্স চার্টার হালনাগাদ করে তা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| খ | সক্ষমতা অর্জন | ২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০৪ (চার)টি প্রশিক্ষণ আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী প্রশিক্ষণ শাখা হতে বর্ণিত বিষয়ে গত ২৯/০৯/২০২১, ০৭/১২/২০২১ এবং ২৭/০২/২০২২ তারিখ সর্বমোট ০৩টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ শাখায় প্রমাণকসহ অবহিত করা হয়েছে। বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক অবশিষ্ট ০১ (এক)টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৪র্থ প্রশিক্ষণটি ২৯/০৫/২০২২ তারিখ আয়োজন করা হয়েছে। বর্ণিত প্রশিক্ষণের অফিস আদেশ, প্রশিক্ষণার্থীদের হাজিরা শিট মন্ত্রিপরিষদ বিভাগ এবং এ বিভাগের এপিএ শাখায় প্রমাণক দাখিল করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |

| নং | কার্যক্রমের ক্ষেত্র | কার্যক্রম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|
| | | ২.২ সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২০২২ অর্থবছরে সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ (দুই)টি অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করার নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী গত ০৭ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে ০১ (এক)টি কর্মশালা আয়োজন করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ শাখায় প্রমাণক দাখিল করা হয়েছে। বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী অবশিষ্ট ০১ (এক)টি অবহিতকরণ সভা/কর্মশালার আয়োজন করতে হবে। | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ২য় সভা/কর্মশালাটি গত ০৯ জুন ২০২২ তারিখ আয়োজন করা হয়েছে। বর্ণিত কর্মশালার অফিস আদেশ, প্রশিক্ষণার্থীদের হাজিরা শিট মন্ত্রিপরিষদ বিভাগ এবং এ বিভাগের এপিএ শাখায় প্রমাণক দাখিল করা হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| গ | অভ্যন্তরীণ সেবা | তথ্য প্রকাশ ও তথ্য প্রদান | তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৬ এবং ধারা-৯ অনুযায়ী তথ্য প্রকাশ ও প্রদান করা হচ্ছে। | - | জনাব মো: ইব্রাহিম ভূঞা, উপসচিব, প্রশিক্ষণ শাখা। |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়নে সম্পৃক্ততা বিষয়ে পরিকল্পনা | সকল কর্মকর্তাগণকে নিয়ে মাসিক সমন্বয় সভায় তথ্য উপস্থাপন করা | মাসিক সমন্বয় সভায় বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। | - |

৬.০ জানুয়ারি ২০২২ হতে মার্চ ২০২২ সময়ের ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। চলতি ৪র্থ ত্রৈমাসিকের (এপ্রিল ২০২২ হতে জুন ২০২২) পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত অনুষ্ঠিত ১৬ জুন ২০২২ তারিখের সভার কার্যবিবরণীসহ সকল প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করা হবে।

৭.০ আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৬/২০২২

একেএম আফতাব হোসেন প্রামানিক
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৮৪.১৬.০০৩.২১- **২৪২**

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ / ২০ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩। উপসচিব, প্রশাসন ও সংস্থাপন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪। উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭। প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অফিস কপি।

২০.০৬.২০২২

মোঃ ইব্রাহিম ভূঞা
উপসচিব